গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সুনামগঞ্জ
**dddaesunamgonj@gmail.com**

স্মারক নং-১২.১৭.৯০০০.০৪১.১৬.০১৩.২২/ ৮২৫(১৩) তারিখ- ২৩ মে ২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্তে ও কার্যার্থে (জ্যেষ্টতার ক্রমানুসারে নয়)- জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ঃ

০১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।
০৪। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৬। উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, সিলেট।
০৭। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি (সকল), সুনামগঞ্জ।
০৮। উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি (সকল), সুনামগঞ্জ।
০৯। সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপনন) বিএডিসি, সুনামগঞ্জ।
১০। উপসহকারী পরিচালক (সার), বিএডিসি, সুনামগঞ্জ।
১১। জেলা ত্রাণ ও পূনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ।
১২। জনাব আব্দুল কাদির (শান্তি মিয়া) আহবায়ক, জেলা কৃষকলীগ, সুনামগঞ্জ কৃষক প্রতিনিধি।
১৩। জনাব বিজন সেন রায়, সাধারন সম্পাদক, হাওর বাঁচাও, সুনামগঞ্জ বাঁচাও আন্দোলন, কৃষক প্রতিনিধি, সুনামগঞ্জ।

২৩/৫/২০২৩

( বিমল চন্দ্র সোম)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটি, সুনামগঞ্জ।

## জেলা কৃষি পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন কমিটি সুনামগঞ্জ এর সভার কার্যবিবরণী

সভাপতি ঃ দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, জেলা প্রশাসক।
সভার স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ ঃ ২৩/০৫/২০২৩ খ্রিঃ
সময় ঃ সকাল ০৯:৩০ ঘটিকা ।
উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিবকে আলোচ্য বিষয়ের উপর আলোচনা করার জন্য অনুরোধ জানান। সদস্য সচিব কৃষি মন্ত্রণালয়ের উপকরন-২ শাখা হতে প্রাপ্ত বরাদ্দ পত্র নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৬২ তারিখ-১৭ মে ২০২৩ খ্রিঃ পাঠ করেন এবং জানান যে, এ জেলায় ২০২২-২০২৩ অর্থবছরে খরিপ/২০২৩-২০২৪ মৌসুমে রোপা আমন ধানের (উফশী জাত) আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিকসার কর্মসূচি বাবদ অর্থ বরাদ্দ পাওয়া গিয়েছে। এ জেলায় কৃষি পুনর্বাসন কর্মসূচির খরিপ/২০২৩-২-২০২৪ মৌসুমে আমন ধানের উফশী জাতের বীজ ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য এ জেলায় ৮০০০ কৃষকের মাঝে বীজ ও সার বিতরণ করা হবে ।

চলতি ২০২২-২৩ অর্থ বছরে খরিপ/২০২৩-২০২৪ রোপা আমন ধানের (উফশী জাত) আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের মাঝে রোপাআমন ধানের উফশী জাতের বীজ ও সার বিতরণ সহায়তা প্রদান কর্মসূচির জেলাভিত্তিক কোডওয়ারী প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ নিম্নরূপঃ

### রোপা আমন খরিপ ২২০২৩-২-২৪ মৌসুমে উফশী জাতের রোপাআমন ধানের প্রণোদনা কর্মসূচির জেলার প্রাপ্ত বরাদ্দ

| ক্রঃ নং | উপকারভোগী কৃষক সংখ্যা | বীজের পরিমান (মে.টন) | বীজের মুল্যে (লক্ষ টাকা) | ডিএপি সারের মূল্যে (লক্ষ টাকা) | এমওপি সারের মূল্যে (লক্ষ টাকা) | সারের মোট মূল্যে | পরিবহন ব্যয় (লক্ষ টাকা) | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় (লক্ষ টাকা) | মোট অন্যান্য অনুদান | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ৮০০০ | ৪০.০০ | ১৯.৬০ | ১৫.২০০ | ১৪.৪০০ | ২৯.৬০০ | ৩.০০০ | ২.০০০ | ৫.০০০ | ৫৪.২০০ |

### সিদ্ধান্ত-১ উপজেলা ওয়ারি বরাদ্দ ও বিভাজনঃ

জেলার প্রাপ্ত বরাদ্দকে আমন ধানে উফশী জাতের ধান চাষের উপযোগিতা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে খরিপ ২০২৩-২৪ মৌসুমে আমন ধানের উফশী জাতের বীজ ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকের মাঝে বীজ ও সার বিতরণের নিমিত্তে উপজেলাওয়ারী উপকারভোগী কৃষক সংখ্যা, কোড ও খাত ভিত্তিক অর্থ বিভাজন নিম্নরূপ(পরিবহন ব্যয় জেলা সদর হতে উপজেলার দুরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি কর্তৃক বরাদ্দ প্রদান)।

| ক্রঃ নং | উপজেলার নাম | কর্মসূচির আওতায় উপকার ভোগী কৃষক সংখ্যা | জাতের নাম ও বীজের পরিমান ( কেজি) | | | | | | | | | | | | মোট বীজের পরিমান (কেজি) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ব্রিধান-৫২ | | ব্রিধান-৭৫ | | ব্রিধান-৮৭ | | ব্রিধান-৯৩ | | ব্রিধান-৯৫ | | বিনাধান-২২ | | | |
| | | | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প |
| ০১ | সুনামগঞ্জ সদর | ১০০০ | ২০০ | ৫০০ | ১১৫০ | ০ | ৭০০ | ০ | ২৫০ | ০ | ৬৫০ | ৭০ | ১৩৫০ | ১৩০ | ৪৩০০ | ৭০০ |
| ০২ | শান্তিগঞ্জ | ৪৫০ | ১৫০ | ৪০০ | ৩৫০ | ০ | ৩০০ | ০ | ১০০ | ০ | ৩৫০ | ৫০ | ৫০০ | ৫০ | ১৭৫০ | ৫০০ |
| ০৩ | দোয়ারাবাজার | ১২০০ | ২০০ | ৫০০ | ১৫০০ | ০ | ৮০০ | ০ | ৩০০ | ০ | ৮০০ | ১৫০ | ১৬০০ | ১৫০ | ৫২০০ | ৮০০ |
| ০৪ | বিশ্বম্ভরপুর | ৮৫০ | ২০০ | ৫০০ | ৯০০ | ০ | ৬০০ | ০ | ২০০ | ০ | ৬৫০ | ১০০ | ১০০০ | ১০০ | ৩৫৫০ | ৭০০ |
| ০৫ | জগন্নাথপুর | ১০০০ | ২০০ | ৫০০ | ১২০০ | ০ | ৭০০ | ০ | ২৫০ | ০ | ৬৫০ | ১০০ | ১২৫০ | ১৫০ | ৪২৫০ | ৭৫০ |
| ০৬ | জামালগঞ্জ | ৫৫০ | ২০০ | ৫০০ | ৬০০ | ০ | ৩০০ | ০ | ১০০ | ০ | ২৫০ | ১০০ | ৬৫০ | ৫০ | ২১০০ | ৬৫০ |
| ০৭ | তাহিরপুর | ৭৫০ | ২০০ | ৫০০ | ৮০০ | ০ | ৪০০ | ০ | ২০০ | ০ | ৫০০ | ১৫০ | ৯০০ | ১০০ | ৩০০০ | ৭৫০ |
| ০৮ | ধর্মপাশা | ৪০০ | ১৫০ | ৩০০ | ৪৫০ | ০ | ২০০ | ০ | ১৫০ | ০ | ২৫০ | ৫০ | ৪০০ | ৫০ | ১৬০০ | ৪০০ |
| ০৯ | ছাতক | ১০০০ | ২০০ | ৫০০ | ১১৫০ | ০ | ৬০০ | ০ | ২৫০ | ০ | ৭০০ | ৮০ | ১৪০০ | ১২০ | ৪৩০০ | ৭০০ |
| ১০ | দিরাই | ৪০০ | ১৫০ | ৪০০ | ৪৫০ | ০ | ২০০ | ০ | ১০০ | ০ | ১০০ | ১০০ | ৪৫০ | ৫০ | ১৪৫০ | ৫৫০ |
| ১১ | শাল্লা | ৪০০ | ১৫০ | ৪০০ | ৪৫০ | ০ | ২০০ | ০ | ১০০ | ০ | ১০০ | ৫০ | ৫০০ | ৫০ | ১৫০০ | ৫০০ |
| | মোটঃ | ৮০০০ | ২০০০ | ৫০০০ | ৯০০০ | ০ | ৫০০০ | ০ | ২০০০ | ০ | ৫০০০ | ১০০০ | ১০০০০ | ১০০০ | ৩৩০০০ | ৭০০০ |

| বীজের মুল্যে ( টাকা) | | | | | | | | | | | | বীজের মোট মুল্যে (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ব্রিধান-৫২ | | ব্রিধান-৭৫ | | ব্রিধান-৮৭ | | ব্রিধান-৯৩ | | ব্রিধান-৯৫ | | বিনাধান-২২ | | |
| বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | বিএডিসি | প্রকল্প | |
| ৯৮০০ | ২৪৫০০ | ৫৬৩৫০ | ০০ | ৩৪৩০০ | ০০ | ১২২৫০ | ০০ | ৩১৮৫০ | ৩৪৩০ | ৬৬১৫০ | ৬৩৭০ | ২৪৫০০০ |
| ৭৩৫০ | ১৯৬০০ | ১৭১৫০ | ০০ | ১৪৭০০ | ০০ | ৪৯০০ | ০০ | ১৭১৫০ | ২৪৫০ | ২৪৫০০ | ২৪৫০ | ১১০২৫০ |
| ৯৮০০ | ২৪৫০০ | ৭৩৫০০ | ০০ | ৩৯২০০ | ০০ | ১৪৭০০ | ০০ | ৩৯২০০ | ৭৩৫০ | ৭৮৪০০ | ৭৩৫০ | ২৯৪০০০ |
| ৯৮০০ | ২৪৫০০ | ৪৪১০০ | ০০ | ২৯৪০০ | ০০ | ৯৮০০ | ০০ | ৩১৮৫০ | ৪৯০০ | ৪৯০০০ | ৪৯০০ | ২০৮২৫০ |
| ৯৮০০ | ২৪৫০০ | ৫৮৮০০ | ০০ | ৩৪৩০০ | ০০ | ১২২৫০ | ০০ | ৩১৮৫০ | ৪৯০০ | ৬১২৫০ | ৭৩৫০ | ২৪৫০০০ |
| ৯৮০০ | ২৪৫০০ | ২৯৪০০ | ০০ | ১৪৭০০ | ০০ | ৪৯০০ | ০০ | ১২২৫০ | ৪৯০০ | ৩১৮৫০ | ২৪৫০ | ১৩৪৭৫০ |
| ৯৮০০ | ২৪৫০০ | ৩৯২০০ | ০০ | ১৯৬০০ | ০০ | ৯৮০০ | ০০ | ২৪৫০০ | ৭৩৫০ | ৪৪১০০ | ৪৯০০ | ১৮৩৭৫০ |
| ৭৩৫০ | ১৪৭০০ | ২২০৫০ | ০০ | ৯৮০০ | ০০ | ৭৩৫০ | ০০ | ১২২৫০ | ২৪৫০ | ১৯৬০০ | ২৪৫০ | ৯৮০০০ |
| ৯৮০০ | ২৪৫০০ | ৫৬৩৫০ | ০০ | ২৯৪০০ | ০০ | ১২২৫০ | ০০ | ৩৪৩০০ | ৩৯২০ | ৬৮৬০০ | ৫৮৮০ | ২৪৫০০০ |
| ৭৩৫০ | ১৯৬০০ | ২২০৫০ | ০০ | ৯৮০০ | ০০ | ৪৯০০ | ০০ | ৪৯০০ | ৪৯০০ | ২২০৫০ | ২৪৫০ | ৯৮০০০ |
| ৭৩৫০ | ১৯৬০০ | ২২০৫০ | ০০ | ৯৮০০ | ০০ | ৪৯০০ | ০০ | ৪৯০০ | ২৪৫০ | ২৪৫০০ | ২৪৫০ | ৯৮০০০ |
| ৯৮০০০ | ২৪৫০০০ | ৪৪১০০০ | ০০ | ২৪৫০০০ | ০০ | ৯৮০০০ | ০০ | ২৪৫০০০ | ৪৯০০০ | ৪৯০০০০ | ৪৯০০০ | ১৯৬০০০০ |

| নং | উপজেলার নাম | সারের পরিমান (কেজি) | | সারের মুল্যে (টাকা) | | সারের মোট মূল্যে | বীজের মোট মুল্যে (টাকা) | পরিবহন ব্যয় (টাকা) | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় (টাকা) | উপজেলার মোট বরাদ্দ (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ডিএপি | এমওপি | ডিএপি | এমওপি | | | | | |
| ০১ | সুনামগঞ্জ সদর | ১০০০০ | ১০০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ২৪৫০০০ | ১৮৭৫০.০০ | ২৫০০০.০০ | ৬৫৮৭৫০.০০ |
| ০২ | শান্তিগঞ্জ | ৪৫০০ | ৪৫০০ | ৮৫৫০০ | ৮১০০০ | ১৬৬৫০০ | ১১০২৫০ | ১১২৫০.০০ | ১১২৫০.০০ | ২৯৯২৫০.০০ |
| ০৩ | দোয়ারাবাজার | ১২০০০ | ১২০০০ | ২২৮০০০ | ২১৬০০০ | ৪৪৪০০০ | ২৯৪০০০ | ৫২৫০০.০০ | ৩০০০০.০০ | ৮২০৫০০.০০ |
| ০৪ | বিশ্বম্ভরপুর | ৮৫০০ | ৮৫০০ | ১৬১৫০০ | ১৫৩০০০ | ৩১৪৫০০ | ২০৮২৫০ | ২১২৫০.০০ | ২১২৫০.০০ | ৫৬৫২৫০.০০ |
| ০৫ | জগন্নাথপুর | ১০০০০ | ১০০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ২৪৫০০০ | ৩৭৫০০.০০ | ২৫০০০.০০ | ৬৭৭৫০০.০০ |
| ০৬ | জামালগঞ্জ | ৫৫০০ | ৫৫০০ | ১০৪৫০০ | ৯৯০০০ | ২০৩৫০০ | ১৩৪৭৫০ | ২০৬২৫.০০ | ১৩৭৫০.০০ | ৩৭২৬২৫.০০ |
| ০৭ | তাহিরপুর | ৭৫০০ | ৭৫০০ | ১৪২৫০০ | ১৩৫০০০ | ২৭৭৫০০ | ১৮৩৭৫০ | ২৮১২৫.০০ | ১৮৭৫০.০০ | ৫০৮১২৫.০০ |
| ০৮ | ধর্মপাশা | ৪০০০ | ৪০০০ | ৭৬০০০ | ৭২০০০ | ১৪৮০০০ | ৯৮০০০ | ২৫০০০.০০ | ১০০০০.০০ | ২৮১০০০.০০ |
| ০৯ | ছাতক | ১০০০০ | ১০০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ২৪৫০০০ | ৪৫০০০.০০ | ২৫০০০.০০ | ৬৮৫০০০.০০ |

__সিদ্ধান্ত-২ বিলের মাধ্যমে অগ্রিম অর্থ উত্তোলনঃ__

জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিকে অগ্রিম বিলের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ উত্তোলন পূর্বক সভাপতি ও সদস্য সচিব এঁর যৌথ ব্যাংক হিসাবে জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে উপজেলা ওয়ারী বিভাজন মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির বরাবরে চেক ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

__সিদ্ধান্ত-৩ শর্তাবলী ও বাস্তবায়ন পদ্ধতি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নঃ__

কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বাস্তবায়ন পদ্ধতি যথাযথভাবে অনুসরন পূর্বক চলতি ২০২২-২৩ অর্থ বছরে খরিপ/২০২৩-২০২৪ মৌসুমে উফশী আমন আবাদ বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ, সার ও পরিবহন সহায়তা প্রদান বাস্তবায়ন পদ্ধতি অনুসরণ করে বাস্তবায়ন করার জন্য উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিকে অনুরোধ করা হয়। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **PPA 2006** ও **PPR 2008** (সংশোধনীসহ) অনুসনপূর্বক যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরন ও প্রতিপালন করতে হবে; কর্মসুচির সার বিসিআইসি'র কারখানা/ বাফার গুদাম/বিক্রয় কেন্দ্র/মিল গেট/ বিএডিসির জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্যে সরকার কর্তৃক ভর্তূকি মূল্যে ধরা হয়েছে। জেলা উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন; কৃষিপুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন অর্থছাড়ের সরকারি আদেশে উল্লেখিত খাত ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না;

কর্মসুচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি অফিসারের মাধ্যমে যথাসম্ভব দ্রুত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে ইউনিয়ন ভিত্তিক অগ্রাধিকার খসড়া তালিকা তালিকা প্রস্তত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা ( প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শতাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর কৃষক তথ্য ছক পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি অফিসার কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়(**E-mail-input2@moa.gov.bd** & **moa.input2@gmail.com**) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ বিতরণ প্রাপ্তির অংশে যথাযথভাবে উপকরণের পরিমান লিপিবদ্ধ করবেন এবং যথারীতি উপকরণ বিতরণ কার্যক্রমের মাষ্টাররোল সংরক্ষণ করবেন। মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। কোন কৃষকের কৃষি কার্ড না থাকলে সে ক্ষেত্রে মাষ্টাররোলে কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নং, জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে), স্ট্যাম্প সাইজের ছবি সংযুক্তকরণপূর্বক মাষ্টাররোলে সংরক্ষণ করতে হবে। উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এ মাস্টাররোলে প্রতিস্বাক্ষর করবেন। এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ৫.০ কেজি রোপাআমন ধানের উফশী বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে। এ কর্মসূচির পরিবহন ব্যয় জেলা সদর হতে উপজেলার দুরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি কর্তৃক সদর উপজেলার পরিবহন ব্যয় প্রতি কেজি ০.৭৫ পয়সা এবং শান্তিগঞ্জ ও বিশ্বম্ভরপুর প্রতি কেজি ১.০০ টাকা জগন্নাথপুর, জামালগঞ্জ, তাহিরপুর ও দিরাই প্রতি কেজি ১.৫০ টাকা , ধর্মপাশা ও শাল্লা উপজেলা প্রতি কেজি ২.৫০ টাকা , দোয়ারাবাজার প্রতি কেজি ১.৭৫ টাকা এবং ছাতক উপজেলা প্রতি কেজি ১.৮০ টাকা হারে পরিবহন ব্যয় নির্ধারন করা হলো।

এ কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না। এ কর্মসূচির আওতায় জেলা ও জাতভিত্তিক বিভাজন অনুযায়ী বরাদ্দকৃত ৪০.০০ মে:টন বীজের মধ্যে বিএডিসি থেকে ৯০% এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আধুনিক প্রযুক্তিতে কৃষক পর্যায়ে ধান, গম ও পাট বীজ উৎপাদন সংরক্ষণ ও বিতরণ প্রকল্প এর তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের নিকট হতে ১০% নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা সাপেক্ষে রোপা আমন ধানের উফশী বীজ সংগ্রহ করতে হবে;

এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য রোপাআমন ধান (উফশী জাত) বীজ অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্খিত মানের হতে হবে এবং সার গুনগত মান সম্পন্ন হতে হবে। এ কর্মসূচির আওতায় আবাদকৃত রোপাআমন ধান, নির্বাচিত কৃষকের স্বাভাবিক রোপাআমন ধান চাষের অতিরিক্ত হতে হবে। কোন অবস্থাতেই বীজ ও সার কাঙ্ক্ষিত মানের না হলে বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন। প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মাননসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/ প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্দ্ধতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায় কমিটি পুনর্বাসনের জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকার ০৩(তিন) কপি উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১(এক) কপি নিজে সংরক্ষণ করবেন এবং ০১(এক) কপি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা বরাবর প্রেরণ করবেন । তাছাড়া এর ০১(এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি বরাবর প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিল ভাউচার (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাবর দাখিল করার জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিকে অনুরোধ জানানো হয়। উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলা হতে প্রাপ্ত বিল ভাউচার ও হিসাব বিবরণী সমন্বয় পূর্বক সরকারি ই-মেইল **input2@moa.gov.bd** & **moa.input2@gmail.com**) তে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৫/২০২৩

( দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
জেলা প্রশাসক
ও